

জেলা

৫২ বছর বয়সে এসএসসি পরীক্ষা, এ বছর ফেল করলেও দেলোয়ার বললেন— ‘পাস করেই ছাড়ব’

প্রতিনিধি নাটোর

প্রকাশ: ১১ জুলাই ২০২৫, ১২: ৪১



দেলোয়ার হোসেন ছবি: সংগৃহীত

নাটোরের বাগাতিপাড়ায় ৫২ বছর বয়সে এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে আলোচিত হওয়া দেলোয়ার হোসেন উত্তীর্ণ হতে পারেননি। ইংরেজিতে অকৃতকার্য হয়েছেন। তবে তিনি আশা ছাড়েননি। তিনি জানান, আগামী বছর আবার এসএসসি পরীক্ষা দেবেন।

গতকাল বৃহস্পতিবার দুপুরে সারা দেশে একযোগে এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। দেলোয়ার বাগাতিপাড়া উচ্চবিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দিয়েছিলেন। দেলোয়ার হোসেন বাগাতিপাড়া উপজেলার

জামনগর ইউনিয়ন পরিষদের ৩ নম্বর ওয়ার্ডের সদস্য। তাঁর বাড়ি ওই ইউনিয়নের জামনগর পশ্চিমপাড়া গ্রামে।

দেলোয়ার হোসেন বলেন, ‘এসএসসি পরীক্ষা মোটামুটি ভালোই দিয়েছিলাম। সব বিষয়ে পাস করলেও শুধু ইংরেজিতে ফেল করেছি। মন খারাপ হয়েছে সত্যি, তবে আমি এসএসসি পাস করবই ইনশা আল্লাহ। আগামীবার আরও ভালোভাবে প্রস্তুতি নেব।’

দেলোয়ার জানান, ১৯৮৫ সালে প্রাথমিকে বৃত্তি পেয়েছিলেন তিনি। ১৯৮৮ সালে জামনগর দ্বিমুখী উচ্চবিদ্যালয় থেকে জুনিয়র বৃত্তি লাভ করেন। এরপর ১৯৯০ সালে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পরীক্ষায় অংশ নেন। তবে অনাকাঙ্ক্ষিতভাবে বহিষ্কৃত হন এবং এরপর পড়াশোনায় আগ্রহ হারিয়ে ফেলেন। পরবর্তী সময়ে সংসারী হন এবং জনপ্রতিনিধি হিসেবে বিভিন্ন কাজ নিয়ে ব্যস্ত থাকেন। পরিবারের অন্য ভাইবোনেরা সবাই উচ্চশিক্ষিত হওয়ায় মাঝেমাঝে নিজের অপূর্ণতা অনুভব করতেন। সেই উপলক্ষি থেকে আবারও পরীক্ষায় অংশ নেওয়ার সিদ্ধান্ত নেন তিনি।

